EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

সংবাদ বিজ্ঞপ্তি

যুক্তরাষ্ট্রের কৃষি মন্ত্রণালয় গাইবান্ধায় ১ লক্ষ ৩০ হাজার স্কুলশিক্ষার্থীর মধ্যে বিস্কুট বিতরণ করেছে

ঢাকা/ গাইবান্ধা, ১০ই জুন, ২০১৫ -- যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট গাইবান্ধার ফুলছড়ি ইউনিয়নের কাঞ্চিপারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচীর আওতায় স্কুল খাদ্য প্রকল্প পরিদর্শন করেন। যুক্তরাষ্ট্রের কৃষি মন্ত্রণালয়ের (ইউএসডিএ) ম্যাকগভার্ন-ডোল আন্তর্জাতিক শিশু পুষ্টি ও শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর সহায়তায় প্রকল্পটি পরিচালিত হয়। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের সাথে উপস্থিত ছিলেন বিশ্ব খাদ্য কর্মসূচীর বাংলাদেশ প্রতিনিধি ক্রিস্টা রাডার।

ইউএসডিএ ম্যাকগভার্ন-ডোল কর্মসূচীর তরফ থেকে ২০১৫ সালের মার্চ মাসে বিশ্ব খাদ্য কর্মসূচী ৯,৭৪০ মেট্রিক টন নরম সাদা গমের চালান গ্রহণ করেছে। গাইবান্ধার প্রাক-প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ১,৩০,০০০ শিশুদের জন্য পুষ্টিকর বিস্কুট তৈরিতে উক্ত গম ব্যবহৃত হবে। আগামী তিন বছর ধরে এইসকল শিশুরা প্রতিদিন স্কুলে ভিটামিন ও খনিজ সমৃদ্ধ বিস্কুট পাবে। সকল বিস্কুট ই বাংলাদেশে প্রস্তুতকৃত।

এই অনুদান বাংলাদেশের স্কুল খাদ্য কর্মসূচীতে ইউএসডিএ এর দীর্ঘমেয়াদী স মর্থনের ধারাবাহিকতার অংশ, যা শিশুদের স্বল্পকালীন ক্ষুধা নিবারণের মাধ্যমে ক্লাসে উপস্থিতির হার বৃদ্ধি করে এবং তাদের পাঠ্য বিষয়ে মনোযোগী হতে সাহায্য করে। বিগত এক দশকে, ইউএসডিএ ম্যাকগভার্ন – ডোল প্রোগ্রাম, বিশ্ব খাদ্য কর্মসূচির সাথে অংশীদার হয়ে বাংলাদেশের ৩৫০,০০০

স্কুল শিক্ষার্থীদের প্রতিদিনের নাস্তা বিতরণ করে আসছে। বিশ্ব খাদ্য করমসূচীর বাংলাদেশ প্রতিনিধি ক্রিস্টা রাডার বলেন, “স্কুলে প্রতিদিন এক প্যাকেট স্বাস্থ্যসম্মত বিস্কুট শিশুদের গুরুত্বপূর্ণ ভিটামিন ও খনিজ প্রদানের ক্ষেত্রে কার্যকরী ভূমিকা রাখে যা হয়তো তা দের অন্যান্য খাদ্যাভ্যাসে অনুপস্থিত থাকতে পারে”।

২০১৪ সালের এপ্রিলে, ইউএসডিএ ম্যাকগভার্ন-ডোল কর্মসূচী ডাব্লিউএফপি কে ২.৬ কোটি ডলারের অর্থ আনুদান দেয়। ডাব্লিউএফপি বিশ্বের সবচেয়ে বড় মানবিক সংস্থা যা বিশ্বব্যপী ক্ষুধা নিবারণের জন্য সংগ্রাম করছে এবং জরুরী অবস্থায় খাদ্য সরবরাহ ও পুষ্টি এবং সহিষ্ণুতা বৃদ্ধিতে বিভিন্ন গোষ্ঠীর সাথে কাজ করছে। ডাব্লিউএফপি প্রতিবছর ৭৫টি দেশে প্রায় ৮ কোটি জনগণকে সাহায্য প্রদান করে।

==========

জিআর/২০১৫